132

দৈনিক খবর

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদের চাকরির সুবিধার জন্যে নতুন নতুন প্রকল্প হবে

## —বেগম জিয়া

বাসস জানায়ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদের বৃহত্তর স্বার্থের জন্যে তাদেরকে সকল তুচ্ছ মত-বিরোধের উর্ধ্বে থাকার এবং সন্ত্রাস রোধের লক্ষ্যে অগ্রণী ভূমিকা পালন ও সুষ্ঠু শিক্ষার পরিবেশ নিশ্চিত করার আহবান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল মঙ্গলবার তার সচিবালয়স্থ দপ্তরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সদস্যদের সঙ্গে এক বৈঠকে এই আহবান জানান।

স্বৈরাচার বিরোধী আন্দোলনের সময়ের ছাত্রদের গৌরবোজ্জ্বল ভূমিকার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী ছাত্রদের প্রতি স্বৈরাচারী সরকারকে উৎখাতের সময় তারা যে মনোবল দেখিয়েছে সেই একই প্রেরণায় সন্ত্রাস ও সহিংসতার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার আহবান জানান। প্রধানমন্ত্রী সন্ত্রাসবাদীদেরকে আশ্রয় না দেয়ার জন্যেও ছাত্র সংগঠনগুলোর প্রতি আহবান জানান।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষাঙ্গনে সেশন জটসহ সকল সমস্যার সমাধানের ব্যাপারে সংকল্পবদ্ধ। তিনি বলেন, বর্তমান বাজেটে শিক্ষা খাতের বর্তমান অবস্থার উন্নতির পরিকল্পনাসহ এই খাতের জন্যে সর্বাধিক বরাদ্দ দেয়া হয়েছে। বেগম জিয়া বলেন, তার সরকার ছাত্রদের জন্য চাকরির সুবিধা সৃষ্টির লক্ষ্যে নতুন নতুন প্রকল্প গ্রহণ করবেন। তিনি বলেন, বর্তমান সরকার ছাত্র ও শিক্ষকদের সকল সমস্যা সমাধান করতে আগ্রহী।

সন্ত্রাস দমনে শিক্ষকদের ভূমিকার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী তাদের প্রতি ক্যাম্পাসে সহিংসতা রোধ ও ছাত্রদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে সর্বাত্মক সহযোগিতাদানের আহবান জানান।

প্রধানমন্ত্রী তার সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে বলেন যে, ক্যাম্পাস থেকে সন্ত্রাস উৎখাতে সকল মহলকে সম্ভাব্য সব রকমের সহযোগিতা করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা; প্রো-ভিসি ওয়াকিল আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আনোয়ারুল্লাহ চৌধুরী, প্রক্টর এম শাহজাহান মিয়া, ডাকসু'র ভিপি আমানুল্লাহ আমান, ডাকসু'র সাধারণ

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

# ছাত্রদের চাকরির সুবিধার

প্রথম পৃষ্ঠার পর

সম্পাদক খায়রুল কবীর খোকন, বাংলাদেশ ছাত্রলীগের (শা-অ) সভাপতি মোহাম্মদ শাহ আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, ছাত্রলীগের (না-শ) সভাপতি নাজমুল হক প্রধান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্টগণ এবং অন্যান্য ছাত্র সংগঠনের নেতারা বৈঠকে শরীক হন।